গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.chapainawabganj.gov.bd

স্মারক নং-৪৬.৪৩.৭০০০.০১১.১১.০০২.২০.৩০০৩

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

১৪.০৮.২০২২ খ্রি: তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৬৪.২০১৭ (অংশ-২)-৫৬৬ নম্বর স্মারকে জারীকৃত ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে ছাড়পত্রাদেশের পরিপ্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জ জেলার ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর- এর শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | টাকা- ৯,৩০০-২২,৪৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ খ্রি. এর ১৬ তম গ্রেড) | ০৪ (চার) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। |

### শর্তাবলী:

১. নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র চাঁপাইনবাবগঞ্জ জেলার ওয়েবপোর্টাল www.chapainawabganj.gov.bd-এ এবং জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর স্থানীয় সরকার শাখায় পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৪. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বরাবর আবেদন করতে হবে।
৫. খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
৬. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
৭. **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের ছায়ালিপি, সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্রের ছায়ালিপি, জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদের ছায়ালিপি, মুক্তিযোদ্ধা/অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণকের ছায়ালিপি।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঘ) প্রার্থীকে জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জের অনুকূলে যে কোন তফশীলভুক্ত ব্যাংক থেকে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

(ঙ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা সংবলিত ১৫/- (পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫" × ৪.৫" সাইজের একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে।

(চ) স্বহস্তে পূরণকৃত প্রবেশপত্র। প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১ (এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

(ছ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে বীর মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ: | প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

৮. **লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

(ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল সনদপত্র/সাময়িক সনদপত্র।
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র।
(ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অথবা পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদের মূল কপি।
(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ মূল সনদপত্র।
(চ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার প্রমাণক।
(ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।
(জ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
(ঝ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র।

৯. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোন মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশপত্র গ্রহন করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

১০. ব্যবহারিক এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

১১. আবেদনপত্র আগামী ০৫.০১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র এ কার্যালয়ে গ্রহণ করা হবে না।

১২. অসত্য, অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. প্রার্থীর বয়সসীমা ০৫.০১.২০২৩ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২.০৯.২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক ২৫.০৩.২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর নির্ধারিত হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১৪. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক আবেদনপত্রের সাথে দাখিল করতে না পারলে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রর্থীদের সনদ/প্রমাণক গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

১৫. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৭. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা।
১৮. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(স্বাক্ষরিত) 22/12/22

(এ কে এম গালিভ খাঁন)
জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ
ফোন: ০২৫৮৮৮৯৩৩০০
E-mail: dcchapainawabganj@mopa.gov.bd

স্মারক নং-৪৬.৪৩.৭০০০.০১১.১১.০০২.২০. ১০০০

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। উপসচিব, ইউনিয়ন পরিষদ-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০৫। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
০৬। জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), চাঁপাইনবাবগঞ্জ
০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ
০৯। মেয়র, পৌরসভা (সকল), চাঁপাইনবাবগঞ্জ
১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, (সকল), চাঁপাইনবাবগঞ্জ
১১। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ ।(তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটিসহ নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র www.chapainawabganj.gov.bd ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
১২। সম্পাদক, দৈনিক ............................................ পত্রিকা। (বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় সীমিত আকারে একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
১৩। ..........................................................................

১২-১২-২০২২

(দেবেন্দ্র নাথ উরাঁও)
উপপরিচালক
স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ